

মাইমনিডেস মেডিকাল সেন্টার

মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের গোপনীয়তা

কার্যকারী তারিখ : ১৪ই এপ্রিল, ২০০৩

মাইমনিডেস মেডিকাল সেন্টার মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত যে তথ্যাবলী সংরক্ষণ করে, তার গোপনীয়তা, বিভিন্ন কেন্দ্রীয় ও অঙ্গরাজ্যের আইন অনুসারে সুরক্ষিত। এই তথ্য-সুরক্ষা আমাদের হাসপাতালের সাধারণ গোপনীয়তা-রক্ষা পদ্ধতি বিজ্ঞপ্তির ব্যাপ্তি ও কার্যকারীতার উপরে গণ্য করা হয়। আমাদের তথ্য-সুরক্ষা কর্মাধ্যক্ষ জয়েস এ লিয়েহী, এ বিষয়ে যদি আপনার কোন প্রশ্ন থাকে অথবা এ বিষয়ে আপনি যদি আরো তথ্য চান, তবে আমাদের পেশেন্ট রিলেশানস দপ্তরের সভাপতি ও সহ-সভাপতির বিশেষ সহকারী ডগলাস জাবলনের সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২।

আমরাও আপনাদের অনুরোধ করব যে আমাদের সাধারণ গোপনীয়তা-রক্ষা বিজ্ঞপ্তিটি ভাল করে পড়ে দেখতে, যার থেকে আপনি জানতে পারবেন আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্যাদি এই হাসপাতাল কিভাবে ব্যবহার করতে পারে এবং তা কোন পরিস্থিতিতেই বা সর্বসমক্ষে প্রকাশ করতে পারে। এই বিজ্ঞপ্তিতে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদি — গোপনীয় মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদি সমেত — আপনি কিভাবে জানতে পারবেন তা সবিস্তরে বলা আছে। হাসপাতালের সাধারণ গোপনীয়তা-রক্ষা বিজ্ঞপ্তির সঙ্গে এই বিজ্ঞপ্তির কোনও রকমের অসামঞ্জস্যের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তগুলিই কার্যকর হবে।

মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদির গোপনীয়তা

সাধারণত, গোপনীয় মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদি হাসপাতালের কর্মীরা — যাঁরা আপনার চিকিৎসার সঙ্গে সরাসরি যুক্ত আছেন, অথবা বিল ও পাওনাগন্ডা-সংক্রান্ত তথ্যাদির দেখাশোনা করেন বা এই হাসপাতালের পরিষেবা ও চিকিৎসা ব্যবস্থার পর্যবেক্ষণের দায়িত্বে আছেন — তাঁরা হাসপাতালের ভিতর ব্যবহার করতে পারেন। সাধারণত আপনার চিকিৎসার সময়ে প্রাপ্ত গোপনীয় মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদি এই হাসপাতাল বাইরের কারো কাছে প্রকাশ করে না, *নিম্নে দেওয়া ক্ষেত্রগুলি ছাড়া* :

- হাসপাতাল এই সম্বন্ধে আপনার আগাম লিখিত অনুমতি নেয়;
- সেই সব ব্যক্তি/ব্যক্তিনা, যিনি/যাঁরা আপনার তরফে আপনার চিকিৎসা সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার অধিকারী;
- সরকারী সংস্থা ও বেসরকারী বিমা কোম্পানীগুলিকে যাঁরা আপনার চিকিৎসার জন্য অর্থ দিচ্ছে;
- বিচারালয়ের নির্দেশে মানতে;
- আপনার বা অন্য ব্যক্তিদের ক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা বিঘ্নি তকারী গুরুতর ও আসন্ন বিপদকে এড়াতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে;
- কেন্দ্রীয় ও অঙ্গরাজ্যের গোপনীয়তা আইন-অনুসারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানাতে পারি কোন নিরুদ্দিষ্ট ব্যক্তি বা তদন্তে সাহায্য করতে;
- কেন্দ্রীয় ও অঙ্গরাজ্যের গোপনীয়তা আইন-অনুসারে অন্য-কোন হাসপাতাল বা তাদের জরুরী বিভাগকে;
- অঙ্গরাজ্য দ্বারা পরিচালিত মানসিক-স্বাস্থ্য আইনী পরিষেবা (মেন্টাল হাইজিন লিগাল সার্ভিসেস)-র জন্য;

- জোর করে হাসপাতালের ভর্তির ক্ষেত্রে চিকিৎসাখান ব্যক্তির আইনী প্রতিনিধির কাছে;
- সরকারী কর্মচারীদের কাছে, যারা আমাদের এই হাসপাতালের চিকিৎসা-ব্যবস্থার পর্যবেক্ষণ ও পরীক্ষার দায়ীতে;
- আপনার গোপনীয়তার যেকোনো ন্যূনতম ঝুঁকি আছে সেই সব গবেষকদের কাছে আপনার বিনা অনুমতিতে;
- মৃত ব্যক্তির ক্ষেত্রে মৃত-পরীক্ষক অথবা ময়না-তদন্তকারী চিকিৎসককে;
- যদি আপনি কোনও দন্ডপ্রাপ্ত বন্দী অথবা সং শোধনাগারে থাকেন, আর আপনার সম্মুখে মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত সব তথ্যাদিই যদি তাদের জানাতে হয় যাতে তাঁরা আপনার ও আপনার সহ-বন্দীদের স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা ও নিরাপত্তা প্রদান করতে পারেন।

কিছু ধরনের মানসিক-স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদিরা আলাদা রকমের তথ্য-সুরক্ষার আওতাভুক্ত।

কীভাবে আপনারা এই নথির কপি পেতে পারেন

এই নথির ছাপানো কপি পাওয়ার অধিকার আপনার আছে। বৈদ্যুতিনভাবে এই নথি পাওয়ার সম্মতি জ্ঞাপন করার পরও আপনি এই নথির ছাপানো কপি যখন খুশী পেতে পারেন। এই নথির ছাপানো কপি পেতে আমাদের পেশেন্টস রিলেশান দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২। আমাদের ওয়েবসাইট www.maimonidesmed.org থেকেও আপনারা এই নথির কপি পেতে পারেন অথবা পরে যেদিন আপনি আমাদের হাসপাতালে আসবেন তখনও আমাদের কাছ থেকে এই নথির ছাপানো কপি নিয়ে যেতে পারেন। গোপনীয়তার সংরক্ষণ পদ্ধতি পরিবর্তনশীল, আমরা তা মাঝে মাঝেই বদল করি; আর এই জন্যই আমরা এই নথির বদল ঘটাই নিয়মিত, যার থেকে আপনি আমাদের গোপনীয়তার সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে অবহিত হতে পারেন। আমাদের ওয়েবসাইট www.maimonidesmed.org থেকেও আপনারা এই নথির সাম্প্রতিক কপি পেতে পারেন; এ ছাড়াও পেশেন্টস রিলেশান দপ্তরের সঙ্গে এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২ যোগাযোগ করে এই নথির কপি পেতে পারেন অথবা পরে যেদিন আপনি আমাদের হাসপাতালে আসবেন তখনও আমাদের কাছ থেকে এই নথির ছাপানো কপি নিয়ে যেতে পারেন। নথির কার্যকারী তারিখের দিকে লক্ষ্য রাখুন, প্রথম পাতার উপরে ডান দিকে তা সবসময় থাকবে।

কীভাবে আপনি আপনার অভিযোগ নথিভুক্ত করবেন

আপনার যদি মনে হয় যে আপনার গোপনীয়তার অধিকারভঙ্গ করা হয়েছে, তবে আপনার অভিযোগ নথিভুক্ত করান আমাদের কাছে অথবা স্বাস্থ্য ও মানব পরিষেবা মন্ত্রকের (ডিপার্টমেন্ট অফ হেল্থ এ্যান্ড হিউমান সার্ভিসেস) সচিবের কাছে। আমাদের কাছে অভিযোগ দায়ের করতে গেলে পেশেন্টস রিলেশান দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২। আমরা আপনাদের আশ্বত করছি যে, অভিযোগ দায়ের করতে গেলে কেউ আপনাদের বিরুদ্ধে প্রতিহিংসামূলক অথবা অন্যধরনের ব্যবস্থা নেবে না।